

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ৪ আশ্বিন ১৪১১/১৯ সেপ্টেম্বর ২০০৮

এস, আর, ও নং ২৭৫-আইন/২০০৮—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৪৪-আইন/২০০৮, তারিখ ৯ই আগস্ট, ২০০৮ ইংরেজী মোতাবেক ২৫শে শ্রাবণ, ১৪১১ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উন্নিয়িত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রত্ববসন্তলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নাটোর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাত্তে উক্ত Rules এর rule 4 (2) এর অধীনে সংশ্লিষ্ট শহর এলাকা সম্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৫৮১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নাটোর জেলার বড়ইগ্রাম উপজেলায় নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৩ই আগস্ট, ১৪১১ বাংলা মোতাবেক ২৮শে সেপ্টেম্বর, ২০০৪ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বড়ইগ্রাম মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
১	বড়ইগ্রাম	লক্ষ্মীকোল	৪৬	০১—৫৪৫
২	বড়ইগ্রাম	বড়ইগ্রাম	৪৮	০১—২৬৪৩
৩	বড়ইগ্রাম	চক বড়ইগ্রাম	৪৫	০১—৩৭৪
৪	বড়ইগ্রাম	জলন্দা	৯২	০১—৯৯৫, ১০১৯—১০৮৮
৫	বড়ইগ্রাম	বড়ইগ্রাম আরাজী	৯০	০১—১০৮
৬	বড়ইগ্রাম	মহানন্দগাছা আরাজী	৯১	০১—৮, ১৭—২৮
৭	বড়ইগ্রাম	বিষ্ণুপুর	৮১	০১—৪৫৮
৮	বড়ইগ্রাম	মৌখাড়া	৮০	০১—৮১৭
৯	বড়ইগ্রাম	গোয়ালঝা	৩৭	০১—১২১৬
১০	বড়ইগ্রাম	রয়না	৮৭	৫০১—৬৪৭, ২১৮২— ২২৭০, ২১৭৩, ২১৭৫, ২১৭৬
১১	বড়ইগ্রাম	ভরতপুর	৮৪	০১—৪৪৯
১২	নগর	গোপালপুর	৮৬	০১—১৯৭, ২৬৩—২৬৫, ২৭১—২৯১, ২৯১—৩২৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আলমগীর হোসেন, উপ-নিয়ন্ত্রক (ভারগ্রাম), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।